তারিখ 02 JAN 2018
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক আমাদের সময়

সারা দেশে নতুন বইয়ের উৎসব

# শিক্ষার্থীদের চোখেমুখে আনন্দের ঝিলিক

আমাদের সময় ডেস্ক ঃ

নতুন বছরের প্রথম দিন গতকাল সোমবার দেশের সব স্কুলে নতুন বইয়ের উৎসব হয়েছে। বই পেয়ে শিক্ষার্থীদের চোখেমুখে ছিল আনন্দের ঝিলিক। শীতের সকালে উৎসবের আমেজেই শিশুদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়। নতুন বই পেয়ে আনন্দে আত্মহারা তারা।

নতুন বছরের প্রথম দিনে সারা দেশের ৪ কোটি ৪২ লাখ ৪ হাজার ১৯৭ শিক্ষার্থীর হাতে বই পৌঁছে দেওয়ার এ আয়োজন করে সরকার। দেশের বিভিন্ন এলাকা থেকে প্রতিনিধিদের পাঠানো খবর–

মাগুরা : মাগুরা জেলা প্রশাসক আতিকুর রহমান সোমবার সকাল ১০টায় মাগুরা শহরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের মধ্যে নতুন বই বিতরণের মাধ্যমে এ কার্যক্রম উদ্বোধন করেন। প্রধান শিক্ষিকা সুলতানা আরজুর সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ রুহুল আমিন, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি আবু নাসির বাবলু প্রমুখ।

ভোলা : ভোলায় বছরের প্রথম দিনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ উৎসব পালিত হয়েছে। সোমবার সকাল ১০টায় জেলা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ১ হাজার ৬০০ ছাত্রের মধ্যে বই বিতরণের মধ্য দিয়ে উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. সেলিম উদ্দিন।

চাঁপাইনবাবগঞ্জ : সোমবার নবাবগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বই উৎসব' ২০১৮ উদযাপন উপলক্ষে নতুন শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যবই বিতরণ উদ্বোধন করেন জেলা প্রশাসক। এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি অ্যাডভোকেট আনোয়ার হোসেন ডলার, জেলা শিক্ষা কর্মকর্তা মোহা. আব্দুল লতিফ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্ত আব্দুল কাদের, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলমগীর হোসেন প্রমুখ।

এ বছর জেলার ১ হাজার ১১৬টি প্রাথমিক বিদ্যালয়ে ১০ লাখ ৩৪ হাজার ৮১৫টি বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে।

দিনাজপুর : পাঠ্যবই বিতরণ উৎসবে বছরের শুরুতে বই পেয়ে দারুণ খুশি দিনাজপুরের শিক্ষার্থীরা। সকাল ১০টায় জিলা স্কুলে পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠানে শিক্ষার্থীরা তাদের প্রতিক্রিয়া ব্যক্ত করে। এ সময় শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন অতিরিক্ত জেলা প্রশাসক গোলাম রাব্বী। উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা রফিকুল ইসলাম ও জিলা স্কুলের প্রধান শিক্ষক আকতারা পারভীন।



গতকাল নতুন বই হাতে দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা

জকিগঞ্জ : উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোয় বই উৎসব অনুষ্ঠিত হয়। এতে সরকারি ও বেসরকারি পর্যায়ের বিশিষ্ট ব্যক্তিরা অংশ নেন। বই উৎসব উপলক্ষে উপজেলার বারহাল এহিয়া উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জয়েদ আহমেদ এতে সভাপতিত্ব করেন।

গাজীপুর : সোমবার সকালে গাজীপুরের জয়দেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত বই উৎসব অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর শিশুদের হাতে বছরের প্রথম দিনে বই তুলে দেন। এসময় গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) খন্দকার ইয়াসির আরেফিন, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. শফিকুল হকসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সাতক্ষীরা : সোমবার সকালে সাতক্ষীরা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে জেলা প্রশাসক আবুল কাশেম মো. মহিউদ্দীনের সভাপতিত্বে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান ছিলেন সাতক্ষীরা সদর আসনের সংসদ সদস্য মুক্তি যোদ্ধা মীর মোস্তাক আহমেদ রবি। এ সময় তিনি শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ করেন।

শিবচর : উৎসবমুখর পরিবেশে মাদারীপুরের শিবচরে বই উৎসব অনুষ্ঠিত হয়েছে। নতুন বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে হাতে তুলে দেওয়া হয় নতুন বই।

বই উৎসব উপলক্ষে সোমবার সকালে পৌর এলাকার শেখ ফজিলাতুন্নেছা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইমরান আহমেদ ও উপজেলা চেয়ারম্যান রেজাউল করিম তালুকদার শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন।

হালুয়াঘাট : ময়মনসিংহের হালুয়াঘাটে আদর্শ উচ্চ বিদ্যালয়ে বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যপুস্তক এবং ৬৮টি ল্যাপটপের মধ্যে ৮টি ল্যাপটপ আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা জাকির হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য জুয়েল আরেং। বিশেষ অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি কবিরুল ইসলাম বেগ, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আব্দুর রশিদ প্রমুখ।

তাড়াশ : সোমবার তাড়াশ ইসলামীয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বই বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম ফেরদৌস ইসলাম। সিরাজগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য গাজী ম ম আমজাদ হোসেন মিলন প্রধান অতিথি হিসেবে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।